

## বাংলাদেশ সোসাইটি-পূজা ও সংস্কৃতি'র রবীন্দ্র-নজরুল-সুকান্ত জয়ন্তী উদযাপন

অন্যান্য বছরের মত এবছরও বাংলাদেশ সোসাইটি-পূজা ও সংস্কৃতি, রবীন্দ্র-নজরুল-সুকান্ত জয়ন্তী উদযাপন করলো গত ১৬ই মে ২০০৯। প্রবাসে সংস্কৃতি চর্চায় সোসাইটির উদ্যোগ অত্যন্ত প্রশংসনীয়। এপার এবং ওপার বাংলার বাঙ্গালি শিল্পী ও দর্শকদের উল্লেখযোগ্য উপস্থিতি প্রমান করেছে



সংস্কৃতির কোন ভৌগলিক সীমারেখা নেই। রবীন্দ্র-নজরুল-সুকান্ত আমাদের সংস্কৃতির শিকড়ে প্রোথিত।

অনুষ্ঠানে নতুন প্রজন্মের ছেলে-মেয়েদের অন্তর্ভুক্ত করার চেষ্টা করা হয়েছে। শুরুতে শিশু-কিশোরদের উন্মুক্ত বক্তৃতা ও বিতর্ক প্রতিযোগীতা এবং শেষাংশে কবিগুরু রবি ঠাকুরের লেখা

হাসির নাটক, “রোগের চিকিৎসা” দর্শকদের প্রশংসা কুড়িয়েছে। নাটকটি পরিচালনা করেন শ্রীমতি শুভ্রা মিত্র। সিডনির বিশিষ্ট শিল্পীবৃন্দের পরিবেশিত রবীন্দ্র, নজরুল, সুকান্ত-এর রচিত গান, নাচ ও কবিতায় ভরপুর অনুষ্ঠানটি প্রাণভরে উপভোগ করেছে উপস্থিত সবাই। অনুষ্ঠানে শ্রী ইন্দ্রনীল ভট্টাচার্যের পরিবেশিত শ্রুতিনাটক দর্শকদের বিশেষ দৃষ্টি আকর্ষণ করে। সোসাইটির শিল্পীদের পরিবেশনায় ৩টি গনসংগীতের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

নিউ সাউথ ওয়েল্স সরকারের মাননীয় মন্ত্রী ভার্জিনিয়া জাজ এই সুন্দর অনুষ্ঠানের প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। তিনি আমাদের সংস্কৃতি লালনে সরকারের আগ্রহ ও পূর্ণ সহযোগীতার প্রতিশ্রুতি দেন।